গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

বিষয়ঃ **জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির ত্রয়োদশতম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ৩০মে, ২০১৮ খ্রি. বুধবার |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| সময় | : | বিকাল: ২.০০ টা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পারস্পরিক পরিচিতির মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. আশরাফুজ্জামান, এনপিও পরিচালক জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও আলোচনা | সভার সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | <u>বিগত সভার কার্য-বিবরণী নিশ্চিতকরণ:</u><br>বিগত সভার কার্য-বিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয় যথাসময়ে সভা আহবান করায় এনপিও'র পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরে বিগত সভার কার্য-বিবরণীর উপর কমিটির সদস্যদের মতামত আহবান করা হয়। গত ৩১-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত দ্বাদশ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। |
| ২। | **<u>এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত:</u>**<br>এনপিও'র কলেবর বৃদ্ধি এবং যুগোপযোগীকরণ সংক্রান্ত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদামত সন্নিবেশ করে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং এটি শিল্প মন্ত্রণালয়ে হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের অপেক্ষায় আছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।<br>সভাপতি মহোদয় এনপিও'র কলেবর বৃদ্ধি এবং যুগপোযোগীকরণের বিষয়টি দ্রুততার সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদান করেন। | এনপিও'র দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপনে বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন:<br>পরিচালক, এনপিও। |

| | | |
|---|---|---|
| ৩। | **এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত :**<br><br>এনপিও এর পরিচালক জানান যে, গত ০৩/০৫/১৮ তারিখে মাননীয় শিল্পমন্ত্রী মহোদয় অ্যাটর্নি জেনারেলকে মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য ফোনে অনুরোধ করেন এবং গত ০৬-০৫-১৮ তারিখে এনপিও'র পরিচালক অ্যাটর্নি জেনারেলের সাথে সাক্ষাৎ করে মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। এনপিসি'র দ্বাদশতম সিদ্ধান্তের আলোকে ৩ মে মাননীয় মন্ত্রী মহোদয় অ্যাটর্নি জেনারেলকে মামলাটি দ্রুত নিষ্পত্তি করার অনুরোধ জানান এবং ৬ মে পরিচালক, এনপিও অ্যাটর্নি জেনারেল এর সাক্ষাৎ করেন মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে নতুন DAG সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>এ প্রেক্ষিতে নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন বলেন যে, বিশ্বায়নের সাথে তাল মিলিয়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জন্য Smart Building, Smart Office এবং Smart Man এর প্রয়োজন।<br><br>সভাপতি মহোদয় এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণের মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | এনপিও'র পরিচালক/দায়িত্বশীল কর্মকর্তা AG এবং DAG এর সাথে মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়ন :** পরিচালক, এনপিও। |
| ৪। | **এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ :**<br><br>এনপিও'র পরিচালক বলেন, সিদ্ধান্তের আলোকে ইতোমধ্যে একটি প্রকল্প প্রস্তাব DPP তৈরির কার্যক্রম চলছে এবং প্রকল্পটি সবুজ পাতায় অর্ন্তভুক্তির জন্য গত ১৫/০৩/২০১৮ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্ল্যানিং উইং এ জমা দেওয়া হয়েছে। প্রকল্পটির DPP ১৫ জুনের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম বলেন, জাপান আজ উৎপাদনশীলতার সর্বোচ্চ পর্যায়ে রয়েছে। উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য পৃথিবীর বিভিন্ন দেশে Productivity Knowledge বিতরণ করার মাধ্যমে আর্ন্তজাতিকভাবে সমাদৃত হয়েছে। তাই এপিও'র সহায়তায় আধুনিক প্রোডকটিভিটি টুলস এন্ড টেকনিক্স ছাড়াও গবেষণা লব্দ জ্ঞান প্রচুর প্রয়োজন। তিনি এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের উৎপাদনশীলতা বিষয়ক দক্ষতা বৃদ্ধিসহ আধুনিক গবেষণালব্দ জ্ঞান অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন।<br><br>সভাপতি মহোদয় এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারের রাজস্ব খাত উন্নয়ন প্রকল্পের পূর্ণাংগ DPP প্রস্তুত করার কার্যক্রম দ্রুততার সহিত সম্পন্ন করার লক্ষ্যে এনপিও'র পরিচালকে নির্দেশ প্রদান করেন। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক সরকারি রাজস্ব বাজেটে এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিসহ দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয়ক জ্ঞান সম্প্রসারণের লক্ষ্যে একটি উন্নয়ন প্রকল্পের পূর্ণাংগ DPP প্রস্তুত করে আগামী ১৫ জুনের মধ্যে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) পরিচালক, এনপিও।<br><br>(খ) প্ল্যানিংসেল,শিল্প মন্ত্রণালয়। |

| | | |
|---|---|---|
| ৫। | **এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ :**<br><br>এনপিও'র পরিচালক বলেন, ইতোমধ্যে সম্পন্ন ০৩টি TES এর ০১টির (NPO) Feed Back APO তে প্রেরণ করা হয়েছে । বাকী ০২টির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তাগিদ দেওয়া হয়েছে এবং ২০১৮ সালের প্রোজেক্ট নোটিফিকেশন অনুযায়ী গত ১২/১২/২০১৭ তারিখ টিইএস গ্রহণের আমন্ত্রণ জানিয়ে মোট ৭০ (সত্তর)টি প্রতিষ্ঠান (১৮টি সরকারি প্রতিষ্ঠান, ১৭টি এসোসিয়েশন এবং ৩৫টি বেসরকারি প্রতিষ্ঠান) এ চিঠি প্রেরণ করা হয়েছে । এ প্রেক্ষিতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের চেয়ারম্যান জনাব মিজানুর রহমান বলেন, ফ্যাক্টরি পর্যায়ে যে সব সমস্যা আছে তা সমাধানের জন্য এপিও'র সহায়তায় জাপানসহ বিভিন্ন দেশের Expert দরকার । তাই বিএসইসি'র আওতাধীন জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং লি. প্রতিষ্ঠানে Technical Expert Service (TES) সেবা গ্রহণের বিষয়ে আবেদন করবে মর্মে সভাকে অবহিত করেন । মেট্রোপলিটন চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রিজ লি. এর উপ-প্রধান জনাব এম, আব্দুর রহমান এপিও কর্তৃক Technical Expert Service (TES) বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারনার জন্য দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন । বিষয়টি প্রচারের লক্ষ্যে সরকারি প্রতিষ্ঠান, এসোসিয়েশন এবং বেসরকারি প্রতিষ্ঠান এর পাশাপাশি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যাপারে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন ।<br><br>সভাপতি মহোদয় এপিও কর্তৃক Technical Expert Service (TES) বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারনার জন্য সরকারি প্রতিষ্ঠান, এসোসিয়েশন এবং বেসরকারি প্রতিষ্ঠান এর পাশাপাশি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যাপারে এনপিও'র পরিচালককে নির্দেশ প্রদান করেন । | এপিও কর্তৃক Technical Expert Service (TES) বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারনার জন্য লক্ষ্যে সরকারি প্রতিষ্ঠান, এসোসিয়েশন এবং বেসরকারি প্রতিষ্ঠান এর পাশাপাশি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যাপারে এনপিও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে ।<br><br>বাস্তবায়ন :<br>পরিচালক, এনপিও । |
| ৬। | **সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর:**<br><br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, শিল্প সচিব মহোদয়ের উপস্থিতিতে বিএসপিপি এর সাথে গত ১৩/০৩/২০১৮ তারিখে MOU স্বাক্ষরিত হয়েছে এবং প্রস্তাবিত ০৪ টি এসোসিয়েশন (এফবিসিসিআই, ডিসিসিআই, বিসিআই, বাপা) এর সাথে পত্র প্রেরণসহ ব্যক্তিগত ভাবে যোগাযোগ অব্যাহত আছে । অদ্যাবধি তেমন কোন সাড়া পাওয়া যায়নি । তিনি উপস্থিত সকল ট্রেডবডির প্রতিনিধিগণকে প্রস্তাবিত MOU সংক্রান্ত কর্মকান্ড সম্পাদনের বিষয়টি বিবেচনা লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার পরার্মশ প্রদান করেন।<br><br>সভাপতি মহোদয় সভায় উপস্থিত বিভিন্ন ট্রেডবডির প্রতিনিধিদের প্রস্তাবিত MOU সংক্রান্ত কর্মকান্ডের গুরুত্ব অনুধাবন করে সর্বাত্মক অংশগ্রহণসহ MOU স্বাক্ষরের জন্য অনুরোধ জানান । | উৎপাদনশীলতা উন্নয়নের বিভিন্ন কার্যক্রমে সর্বাত্নক অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য বিভিন্ন ট্রেডবডির সাথে যোগযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>বাস্তবায়ন :<br>পরিচালক, এনপিও। |

| | | |
|---|---|---|
| ৭। | <u>নিম্নমাধ্যমিক শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণঃ</u><br><br>এনপিও'র পরিচালক জানান এনপিসি'র সভায় বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়টি সংযুক্তির বিষয়ে সুপারিশমালা উপস্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সাধারণ) এর নেতৃত্বে ৫ সদস্যের একটি কমিটি সিদ্ধান্ত গৃহীত হয় । সে মোতাবেক ০৫ সদস্যের একটি কমিটি গঠনের জন্য প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ হয়েছে ।<br><br>সভাপতি মহোদয় নিম্নস্তরে বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়টি সংযুক্তির বিষয়ে সুনিদিষ্ট সুপারিশমালা প্রণয়নের কার্যক্রম যথাসময়ে শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন । | নিম্নস্তরে বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়টি সংযুক্তির বিষয়ে সুনিদিষ্ট সুপারিশমালা প্রণয়নের কার্যক্রম যথাসময়ে শেষ করতে হবে।<br><br>বাস্তবায়ন :<br>(ক) অতিরিক্ত সচিব (সাধারণ) শিল্প মন্ত্রণালয়।<br>(খ) পরিচালক, এনপিও। |
| ৮। | <u>এনপিও'র সার্বিক কর্মকান্ডের উপর উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতকরণ :</u><br>এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন, উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের জন্য ৫ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছেন । TOR অনুযায়ী একজন দক্ষ পেশাদারী ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতকারক প্রতিষ্ঠান/ব্যক্তি নির্ধারণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। ২০১৮-১৯ অর্থবছরে বাজেটে এই খাতে প্রয়োজনীয় অর্থ সংস্থান রেখে বাজেট দাখিল করা হয়েছে । বাজেট বরাদ্দ পাওয়ার ০১ মাসের মধ্যে ডকুমেন্টরি ফিল্মটি প্রস্তুত করা সম্ভব হবে । এমসিসিআই এর উপ-প্রধান জনাব এম.আবদুর রহমান বলেন ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুত করা জরুরি কারন মানুষ জানতে চায় এনপিও কী এবং কার্যক্রম কী তাই উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুত করা হলে এনপিও'র কর্মকান্ড দৃশ্যমান হবে।<br><br>সভাপতি মহোদয় বাজেট বরাদ্দ পাত্তয়া সাপেক্ষে উৎপাদনশীলতা বিষয়ক ডকুমেন্টরি ফিল্ম প্রস্তুতের কার্যক্রম যথাসময়ে শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন । | ২০১৮-১৯ অর্থবছরে বাজেট বরাদ্দ পাওয়ার ০১ মাসের মধ্যে ডকুমেন্টরি ফিল্মটি প্রস্তুত করতে হবে ।<br><br>বাস্তবায়ন :<br>পরিচালক, এনপিও। |
| ৯। | <u>উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন:</u><br><br>গত ০১ মার্চ, ২০১৮ তারিখ বিকাল ৩.০০ টায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক একদিনের সেমিনার/ কর্মশালায় উপস্থাপন করা হয়েছে এবং এতে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাভূক্ত সকল দপ্তর/সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন মর্মে সভাকে অবহিত করেন । তিনি জানান আগামী অর্থ বছরে বাজেট পাওয়া সাপেক্ষে কমপক্ষে ৪টি সেমিনার/ কর্মশালা/আলোচনা সভা নিশ্চিত করা হবে ।<br>এ পরিপ্রেক্ষিতে নাসিবের সভাপতি বলেন, এনপিও'র সহায়তায় আগামী ২৮ জুন বানিজ্য মন্ত্রণালয় এবং নাসিব এর যৌথ উদ্যোগে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক একদিনের সেমিনার/ কর্মশালা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে । এছাড়া বিসিআইসি'র পরিচালক (উ. ও গ.), মোঃ শাহীন কামাল বলেন, বিসিআইসি'র আওতাধীন প্রতিষ্ঠান টিসিআইতে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক ৩দিনের একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে ।<br>সভাপতি মহোদয় উৎপাদনশীলতা আন্দোলনকে ত্বরান্বিত করার লক্ষ্যে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক সেমিনার/ কর্মশালা/আলোচনা সভা আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | উৎপাদনশীলতা আন্দোলনকে ত্বরান্বিত করার লক্ষ্যে "উৎপাদনশীলতা উন্নয়ন কলা কৌশল" শীর্ষক সেমিনার/ কর্মশালা/ আলোচনা সভা আয়োজন করতে হবে ।<br><br>বাস্তবায়ন :<br>পরিচালক, এনপিও। |

| | | |
|---|---|---|
| ১০। | **ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬ প্রদান করাঃ** | |
| | গত ১৮/০৪/২০১৮ তারিখে মাননীয় শিল্প মন্ত্রী জনাব আমির হোসেন আমু এম.পি প্রধান অতিথি ও শিল্প সচিব জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্ মহোদয় সভাপতি হিসেবে উপস্থিত থেকে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে শিল্প/সেবা প্রতিষ্ঠান ও সেরা উদ্যোক্তাদের "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬" প্রদান করেন এবং "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৭" এওয়ার্ড প্রদানের লক্ষ্যে আবেদনপত্র সংগ্রহের জন্য ২৩ এপ্রিল ২০১৮ তারিখে বিজ্ঞপ্তিটি ছয়টি দৈনিক পত্রিকা: ('দৈনিক কালের কন্ঠ','দৈনিক আমাদের সময়', 'দৈনিক সমকাল', 'দৈনিক যুগান্তর' 'দৈনিক ভোরের কাগজ',এবং The Daily Observer) প্রকাশ করা হয়েছে। এছাড়াও এনপিও'র নিজস্ব ওয়েবসাইট www.npo.gov.bd বিজ্ঞপ্তিটি প্রকাশিত হয়েছে। এ পর্যন্ত ০৬টি আবেদন ফরম বিক্রি হয়েছে। তিনি আরও জানান যে, এফবিসিসিআই সহ অন্যান্য ট্রেডবডি ও ব্যবসায়িক সংগঠনের নিকট এনপিও কর্তৃক এ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হয়েছে । এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল (বিএসইসি) চেয়ারম্যান জনাব মিজানুর রহমান বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ডের বিজ্ঞপ্তি শুধু মাত্র পত্রিকা/ওয়েবসাইট, বিভিন্ন এসোসিয়েশন ছাড়াও বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা চেম্বার অব কমার্স এবং নাসিব এর আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করা হলে এওয়ার্ড সংক্রান্ত প্রচার-প্রচারণা বৃদ্ধি পাবে । ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত প্রচার-প্রচারণার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা চেম্বার অব কমার্স এবং নাসিব এর আঞ্চলিক কার্যালয়ে পত্র প্রেরণ করার উপর উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন ।<br><br>সভাপতি মহোদয় ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত প্রচার-প্রচারণার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা চেম্বার অব কমার্স এবং নাসিব এর আঞ্চলিক কার্যালয়ে পত্র প্রেরণসহ যাবতীয় কার্যক্রম সম্পাদনের উপর কর্ম-পরিকল্পনা (Action Plan) প্রস্তুত করার জন্য এনপিও'র পরিচালককে নির্দেশনা প্রদান করেন । | (ক) ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত প্রচার-প্রচারণার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, জেলা চেম্বার অব কমার্স এবং নাসিব এর আঞ্চলিক কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) ন্যাশলাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনের উপর কর্ম-পরিকল্পনা (Action Plan) প্রস্তুত করে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে ।<br><br>বাস্তবায়ন :<br><br>(ক) পরিচালক, এনপিও । |

| | | |
|---|---|---|
| ১১। | <u>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে সিআইপি মত সুযোগ সুবিধা সংক্রান্ত :</u><br><br>এনপিও'র পরিচালক বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণকে সিআইপি'র মত সুযোগ-সুবিধা প্রদানের বিষয়টি ইতোমধ্যে শিল্প সচিব মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মহোদয়ের সাথে আলাপ করেছেন এবং সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়নের পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব ২৪/০৫/২০১৮তারিখে শিল্প মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। এনপিওতে ৭ সদস্য বিশিষ্ট একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়েছে এবং সে মোতাবেক খসড়া নীতিমালা প্রণয়নের উপর কাজ শুরু করা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন । এনপিও'র পরিচালক উল্লেখ্য করেন যে, নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কার্যাদি সম্পাদন করা কষ্টসাধ্য বিধায় "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি এবং এনপিও'র ওয়ার্কিং কমিটি সম্মানিত সদস্যগণদের সম্মানি ভাতা প্রদান করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে মর্মে প্রস্তাব পেশ করেন । বিষয়টি দ্রুততার সহিত সম্পাদনের লক্ষ্যে উল্লেখিত কমিটিদ্বয়কে সম্মানি ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভার উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন ।<br><br>সভাপতি "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি এবং এনপিও'র ওয়ার্কিং কমিটিকে নীতিমালা প্রণয়ন কার্যাদি দ্রুততার সহিত সম্পাদন করে পূর্ণাংগ প্রতিবেদন প্রস্তুত করাসহ কমিটিদ্বয়ের সম্মানি ভাতা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এনপিও'র পরিচালককে নির্দেশনা প্রদান করেন । | (ক)"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কার্যাদি দ্রুততার সহিত সম্পাদন করে পূর্ণাংগ প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।<br>(খ)"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি এবং এনপিও'র ওয়ার্কিং কমিটিকে সম্মানি ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br><br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়।<br>(খ) পরিচালক, এনপিও । |
| ১২। | <u>এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ৮টি সেক্টর সভা আহবান ও পুনর্গঠন:</u><br><br>ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র পরিচালক সভাকে অবহিত করেন, উৎপাদনশীলতা বিষয়ক খাত ওয়ারী উপদেষ্টা কমিটির সভাসমূহ ইতোমধ্যে ৮টি সেক্টরে ৯টি সভা আহবান করা হয়েছে এবং উৎপাদনশীলতা বিষয়ক খাতওয়ারী উপদেষ্টা কমিটির সভাপতিগণের নিকট শিল্প সচিব মহোদয় কর্তৃক ডিও পত্র প্রেরণ করা হয়েছে ।<br><br>সভাপতি মহোদয় বছরে প্রতিটি সেক্টর দুটি সভা আহবান করার জন্য পরিচালক এনপিও এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পদক্ষেপ গ্রহণ করতে পরামর্শ প্রদান করেন । | এনপিও'র জন্য গঠিত খাতওয়ারী উপদেষ্টা কমিটিকে গতিশীল করার লক্ষ্যে ৮টি সেক্টরে বছরে কমপক্ষে ০২টি সভা আহবান করতে হবে ।<br>**বাস্তবায়ন :** এনপিও । |

| | | |
|---|---|---|
| ১৩। | **এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ :**<br><br>গত ১৪/০২/২০১৮ তারিখে শিল্প সচিব মহোদয় এনপিও কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক এনপিও বার্তা'র প্রথম সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং শিল্প মন্ত্রণালয় এর আওতাভুক্ত সকল দপ্তর/সংস্থার প্রধান এবং এনপিইসি'র সদস্যরা উপস্থিত ছিলেন মর্মে সভাকে অবহিত করেন। তিনি ইতোমধ্যে এনপিও বার্তা'র ২য় সংখ্যা প্রকাশের লক্ষ্যে বিজি প্রেসে প্রেরণের নিমিত্তে শিল্প মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে মর্মে সভাকে জানান।<br><br>সভাপতি মহোদয় উৎপাদনশীলতা সম্পর্কে সঠিক ধারণা সম্প্রসারণের লক্ষ্যে এনপিও কর্তৃক প্রকাশিতব্য ষাণ্মাসিক এনপিও বার্তা নিয়মিতভাবে প্রকাশের কার্যক্রম গ্রহণের জন্য এনপিও'র পরিচালককে নির্দেশনা প্রদান করেন। | নিয়মিত ভাবে ষাণ্মাসিক এনপিও বার্তা প্রকাশ করতে হবে।<br><br>বাস্তবায়ন :<br>পরিচালক, এনপিও। |
| ১৪। | **বিভিন্ন ট্রেডবডিকে প্রণোদনা প্রদান এবং ক্রাইটেরিয়া নির্ধারণঃ**<br><br>এনপিও'র পরিচালক বলেন, উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে এনপিও'র সাথে সম্পৃক্ত বিভিন্ন ট্রেডবডি, ব্যবসায়িক সংগঠনকে কীভাবে প্রণোদনা প্রদান করা যায় সে বিষয়ে ক্রাইটেরিয়া নির্ধারণের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) কে সভাপতি করে ৫ সদস্য বিশিষ্ট ১ম সভা ১৫ মে তারিখে অনুষ্ঠিত হয়েছে। সেখানে ট্রেড বডির নিকট হতে মতামত সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মোঃ দাবিরুল ইসলাম এনপিও'র সাথে যে সমস্ত ট্রেডবডি/ ব্যবসায়িক সংগঠন এর সাথে MOU স্বাক্ষরিত হয়েছে সেগুলোসহ অন্যান্য ট্রেডবডি ও ব্যবসায়িক সংগঠন ও বেসরকারি প্রতিষ্ঠানকে প্রণোদনা প্রদানের বিষয়ে মতামত ও সুপারিশ সংগ্রহ করা হলে প্রণোদনা প্রদানের বিষয়টি আরও গুরুত্বপূর্ণ হবে বলে মন্তব্য করেন।<br>নাসিবের সভাপতি সভাকে অবহিত করেন যে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড শিল্প/সেবা প্রতিষ্ঠানকে প্রদান করা হয়। কিন্তু এনপিও'র সার্বিক কর্মকান্ডের জন্য যে সমস্ত ট্রেড বডি, ব্যবসায়িক প্রতিষ্ঠান ও বেসরকারি প্রতিষ্ঠান এগিয়ে আসছে তাদেরকে প্রণোদনা দেওয়া একান্ত প্রয়োজন।<br><br>সভাপতি মহোদয় এনপিও কর্তৃক বিভিন্ন ট্রেডবডি, ব্যবসায়িক সংগঠন ও বেসরকারি প্রতিষ্ঠানকে প্রণোদনা প্রদান করার বিষয়ে মতামত সংগ্রহসহ অবশিষ্ট কার্যক্রম গুরুত্বসহকারে এবং দ্রুততার সংগে সংশ্লিষ্ট কমিটিকে সম্পাদন করার জন্য পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে এনপিও'র সাথে সম্পৃক্ত বিভিন্ন ট্রেডবডি, ব্যবসায়িক সংগঠনকে প্রণোদনা প্রদানের লক্ষ্যে ক্রাইটেরিয়া নির্ধারণের জন্য মতামত সংগ্রহসহ অবশিষ্ট কার্যক্রম গুরুত্বসহকার সম্পাদন করতে হবে।<br><br>বাস্তবায়ন :<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়।<br>(খ) পরিচালক, এনপিও। |

| | | |
|---|---|---|
| ১৫। | **এনপিও'র চলমান কর্মকাণ্ডকে গতিশীল করার লক্ষ্যে এনপিসি'তে নতুন সদস্য অর্ন্তভুক্তকরণ সংক্রান্তঃ**<br><br>এনপিও'র পরিচালক বলেন, জাতীয় উৎপাদনশীলতা পরিষদ দ্বাদশতম সভার সিদ্ধান্তের আলোকে এনপিসি'র বর্তমান ৩৫ সদস্যবিশিষ্ট কমিটির স্থলে ৩৭ সদস্যবিশিষ্ট পরিষদ গঠনের প্রস্তাব ২২-০৫-২০১৮ শিল্প মন্ত্রণালয়ে প্রজ্ঞাপন জারির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে । তিনি উক্ত পরিষদের পাশাপাশি এনপিইসি'র কমিটিতে ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশনকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন । সভায় ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশনকে অন্তর্ভুক্ত করার জন্য উপস্থিত সদস্যগণ একমত পোষন করেন ।<br>সভাপতি মহোদয়, জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটিতে ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন কে অন্তর্ভুক্ত করে ২১ সদস্যের স্থলে ২২ সদস্যবিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করেন । | জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটিতে ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন কে অন্তর্ভুক্ত করে ২১ সদস্যের স্থলে ২২ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br>(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>শিল্প মন্ত্রণালয় ।<br>(খ) পরিচালক, এনপিও । |
| ১৬. | **শিল্প, সেবা, কৃষি সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণঃ**<br><br>এনপিও'র পরিচালক সভাকে জানান যে, এনপিসি'র দ্বাদশতম সভার সিদ্ধান্তের আলোকে কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণসহ বছরে একটি সমীক্ষা পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করেছে । তিনি ইতঃপূর্বে এনপিও এর উদ্যোগে বাংলাদেশ অর্থনীতির বিভিন্ন খাত ও উপখাত ভিত্তিক শ্রম উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের উপর কাজ সম্পাদন করেছে মর্মে সভাকে অবহিত করেন ।<br>সভাপতি মহোদয় এনপিও'র চলমান কার্যক্রমের সাথে সম্পৃক্ততা রেখে কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের বিষয়টি দ্রুততার সাথে সম্পাদন করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | এনপিও'র চলমান কার্যক্রমের সাথে সম্পৃক্ততা রেখে কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের বিষয়টি দ্রুততার সাথে সম্পাদন করতে হবে।<br><br>**বাস্তবায়ন :**<br>পরিচালক, এনপিও । |
| ১৭. | **ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক:**<br><br>এনপিও'র পরিচালক জাতীয় উৎপাদনশীলতা পরিষদ এর দ্বাদশতম সভার আলোকে এনপিও এর নানামুখী কার্যক্রম দৃশ্যমান করার লক্ষ্যে ৩১ মে, ২০১৮ পর্যন্ত কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের সচিত্র প্রতিবেদন সভাকে অবহিত করেন। এ পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ দাবিরুল ইসলাম বলেন, এনপিও অফিস সৃষ্টিলগ্ন থেকে জাতীয় এবং কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা সচেতনতা সৃষ্টি, উৎপাদনশীলতা অবকাঠামো উন্নয়ন কর্মসূচি প্রয়োগ ও বাস্তবায়নসহ বহুমুখী কার্যক্রমের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি তথা উন্নয়ন তরান্বিত করার অবদান রেখে আসছে। এর ফলশ্রুতিতে অতীতের তুলনায় বর্তমানে এনপিও'র বাস্তবায়িত নানামূখী কর্মকান্ডের বিষয়াদি দৃশ্যমান করার লক্ষ্যে প্রতিষ্ঠান পর্যায় হতে সুনির্দিষ্ট Feed Back সংগ্রহ করা একান্ত প্রয়োজন। তিনি উৎপাদনশীলতা উন্নয়নে আধুনিক কলাকৌশল সম্পর্কিত ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে অদক্ষ জনশক্তিকে দক্ষ করে তুলাই এনপিও'র কাজ বলে সভাকে অবহিত করেন । তাই এপিও কর্তৃক পরিচালিত কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ, সেমিনার, আলোচনা সভা, কর্মশালা, ব্যবহারিক কাইজেন পদ্ধতি, ব্যবহারিক ফাইভ-এস এর পরিচালনার পূর্বের অবস্থা ও পরের অবস্থা তুলনামূলক তথ্যাদি সংযোজন | এনপিও এর নানামূখী কার্যক্রম দৃশ্যমান করা লক্ষ্যে যাবতীয় কর্মসূচি Feed Back সহ লিখিত আকারে পূর্নাংগ প্রতিবেদন এনপিসি'র পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে ।<br><br>**বাস্তবায়ন :**<br>পরিচালক, এনপিও । |

| | | |
|---|---|---|
| | করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি জানান যে, টেকসই ও জ্ঞান ভিত্তিক শিল্পায়নের লক্ষ অর্জনে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা নিজেই উৎপাদনশীলতা বৃদ্ধির তাগিদ দিয়ে আসছেন। তিনি আরও বলেন, এনপিও'র পাশাপাশি সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানের কাজই হচ্ছে উৎপাদনশীলতা বৃদ্ধির আন্দোলনে সম্পৃক্ত হয়ে দেশের সার্বিক উৎপাদনশীলতা বৃদ্ধি করা। তিনি এনপিও এর নানামূখী কার্যক্রম দৃশ্যমান করা লক্ষ্যে যাবতীয় কর্মসূচি Feed Back সহ লিখিত আকারে পূর্ণাংগ প্রতিবেদন এনপিসি'র পরবর্তী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | |

সভাপতি ও শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
৩১/০৫/২০১৮
(মোহাম্মদ আব্দুল্লাহ্)
সচিব, শিল্প মন্ত্রণালয়
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি।

৩০-০৫-২০১৮ ইং তারিখে বিকাল ২.০০ টায় অনুষ্ঠিত জাতীয় উৎপাদনশীলতা কার্য-নিবার্হী কমিটি (এনপিইসি)'র **ত্রয়োদশতম** সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষরঃ-

| ক্রঃনঃ | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১/ | মোঃ দাবিরুল ইসলাম অতি: সচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোনঃ<br>ই-মেইলঃ | |
| ২/ | মোঃ নিজাম উদ্দিন পরিচালক, এফ.বি.সি.সি.আই | FBCCI | টেলিফোনঃ 01711360454<br>ই-মেইলঃ | |
| ৩/ | এম. আবদুর রহমান ইপ. প্রধান | [illegible] | টেলিফোনঃ 01914-613942<br>ই-মেইলঃ wabhuman_53@yahoo.com | 30/05/18 |
| ৪/ | এম, ফজলুল করিম মুখ্য সচিব | ডিসিসিআই | টেলিফোনঃ 01911-292884<br>ই-মেইলঃ fazlul.karim@dhakachamber.com | 30/05/18 |
| ৫/ | মাহমুদার আলম মুখ্য সচিব | শিল্প মন্ত্রণালয় | টেলিফোনঃ 01711222811<br>ই-মেইলঃ | 30/05/18 |
| ৬/ | মোহা জামিলুর রহমান ট্রেনিং হেড | বিইআইএফ | টেলিফোনঃ 01712512372<br>ই-মেইলঃ joha@mccibd.org | |
| ৭/ | মোঃ আব্দুল মুত্তালিব উপ-পরিচালক | NPO | টেলিফোনঃ 01720107032<br>ই-মেইলঃ npobangla@yahoo.com | |

৩০-০৫-২০১৮ ইং তারিখে বিকাল ২.০০ টায় অনুষ্ঠিত জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটি (এনপিইসি)'র **ত্রয়োদশতম** সভার সম্মানিত সদস্যগণের উপস্থিতির তালিকা ও স্বাক্ষরঃ-

| ক্রঃনঃ | নাম ও পদবী | সংস্থার নাম | টেলিফোন,ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মো: হামিদুল ইসলাম<br>প্রধান রসায়নবিদ। | BSFIC | টেলিফোনঃ 01730-910721<br>ই-মেইলঃ | [illegible] |
| ২। | মোহাম্মদ মুহিউদ্দীন ছাদেক<br>ডি.জি.এম (জুট), বিজেএমসি | BJMC | টেলিফোনঃ 01713063146<br>ই-মেইলঃ jpbjmc14@gmail.com | [illegible] 30.5.18 |
| ৩। | ([illegible])<br>উপ জিএম (প্র:) বিজেএমসি | BJMC | টেলিফোনঃ 9553363/01552326908<br>ই-মেইলঃ production.bjmc@gmail.com | [illegible] |
| ৪। | মো: আজহারুল ইসলাম<br>মহাব্যবস্থাপক, বিসিক | বিসিক- | টেলিফোনঃ 01795328106<br>ই-মেইলঃ | [illegible] 30.5.18 |
| ৫। | মীর জহুরুল ইসলাম<br>(যুগ্মসচিব)<br>পরিচালক | বিএসএফআইসি | টেলিফোনঃ 01710066558<br>ই-মেইলঃ dmbsfic@gmail.com | [illegible] |
| ৬। | মো: শাহীন কামাল<br>পরিচালক (উ:ব্য:) | বিসিআইসি | টেলিফোনঃ 02-9556827<br>ই-মেইলঃ skamalhp@gmail.com | S. Kamal 30.05.18 |
| 7. | মির্জা নূরুল [illegible]<br>উপপরিচালক, নাসিব | নাসিব | টেলিফোনঃ 01711256867<br>ই-মেইলঃ nascib dd @gmail.com | [illegible] ৩০.০৫.১৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | মিজানুর রহমান | | টেলিফোনঃ 01732912595<br>ই-মেইলঃ bsecheadoffice@gmail.com | [signature] |
| ৯. | MD. GOLAM FAISAL<br>GM (AUDIT). BTMC | BTMC | টেলিফোনঃ 01552-389186<br>ই-মেইলঃ faisalmd.golam@yahoo.com | |
| ১০ | এ.কে.এম. [illegible]<br>চেয়ারম্যান | BSFIC | টেলিফোনঃ 01711171165<br>ই-মেইলঃ | [signature] |
| ১১. | মোহাম্মদ ফাতেমা বেগম<br>গবেষণা কর্মকর্তা | NPO | টেলিফোনঃ 01557386706<br>ই-মেইলঃ fatamabegumnpo@gmail.com | [signature] 30/05/2018 |
| ১২. | সুরাইয়া সাবরিনা | NPO | টেলিফোনঃ 01831479670<br>ই-মেইলঃ suraiyasabrina@gmail.com | [signature] 30/05/2018 |
| ১৩. | মো: মেহেদী রহমান | NPO | টেলিফোনঃ 01716-981810<br>ই-মেইলঃ mehedinpo@gmail.com | [signature] 30.05.2018 |
| ১৪. | রিপন সাহা | NPO | টেলিফোনঃ 01739278487<br>ই-মেইলঃ ripon.npo@gmail.com | [signature] 30.05.2018 |
| | | | টেলিফোনঃ<br>ই-মেইলঃ | |
| | | | টেলিফোনঃ<br>ই-মেইলঃ | |